

## ■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১. ৩. ৫. 'ইঞ্জিল' বনাম 'মতানুসারে ইঞ্জিল'

আমরা দেখলাম যে, ২৭টা বইয়ের মধ্যে মাত্র চারটা বইকে খ্রিষ্টানরা ইঞ্জিল বলে দাবি করেছেন। মূল গ্রিক বা ইংরেজি বাইবেলে এগুলোর নাম নিম্নরূপ:

- (১) The Holy Gospel of Jesus Christ According to St. Matthew/ The Gospel According To St. Matthew: সাধু মথির মতানুসারে ঈসা মাসীহের পবিত্র ইঞ্জিল/ সাধু মথির মতানুসারে ইঞ্জিল।
- (২) The Holy Gospel of Jesus Christ According to St. Mark/ The Gospel According To St. Mark: সাধু মার্কের মতানুসারে ঈসা মাসীহের ইঞ্জিল।
- (৩) The Holy Gospel of Jesus Christ According to St. Luke/ The Gospel According To St. Luke: সাধু লূকের মতানুসারে ঈসা মাসীহের ইঞ্জিল।
- (8) The Holy Gospel of Jesus Christ According to St. John/ The Gospel According To St. John: সাধু যোহনের মতানুসারে ঈসা মাসীহের ইঞ্জিল।

নাম থেকেই প্রতীয়মান হয় যে, বিভিন্ন ব্যক্তি পুস্তক লেখে তা 'ইঞ্জিল' বলে দাবি করেন, এজন্যই পুস্তকগুলোর এরপ নামকরণ করা হয়। পরবর্তী আলোচনা থেকে আমরা জানব যে, যীশুর তিরোধানের শতাধিক বছর পরে অনেক মানুষ 'ইঞ্জিল' লেখে প্রচার করতে শুরু করেন যে, এগুলো যীশুর ইঞ্জিল। এজন্য এগুলোর এরপ নামকরণ করা হয়: 'অমুকের মতানুসারে এটা ইঞ্জিল'। আমরা নতুন নিয়মের সন্দেহজনক পুস্তকগুলোর মধ্যে আরো অনেক 'মতানুসারে ইঞ্জিল' দেখেছি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13830

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন